

আইনের সঙ্গে সামঞ্জস্য রেখে,

নিউ ইয়র্ক সিটির হাসপাতালের রোগী হিসাবে, আপনার এই অধিকারগুলি আছে:

1. এই অধিকারগুলি বোঝা ও ব্যবহার করা। কোন কারণে, যদি আপনি বুঝতে না পারেন বা সাহায্যের প্রয়োজন হয়, হাসপাতাল আপনাকে দোভাষী সমেত সাহায্য দিতে বাধ্য।
2. জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ, জাতীয় উৎস, অক্ষমতা, যৌন প্রবণতা বা অর্থপ্রদানের (পেমেন্টে) প্রকারের কারণে বৈষম্য নির্বিশেষে চিকিৎসা পাওয়া।
3. অপ্রয়োজনীয় বাধানিষেধহীন, পরিষ্কার ও সুরক্ষিত পরিবেশে সুবিবেচিত ও সশ্রদ্ধ যত্ন পরিচর্যা পাওয়া।
4. আপনার প্রয়োজন হলে, সঙ্কটকালীন পরিচর্যা পাওয়া।
5. হাসপাতালে যে ডাক্তারের তত্ত্বাবধানে আপনার চিকিৎসা করা হবে তার নাম ও পদাধীকার সম্বন্ধে জানা।
6. আপনার চিকিৎসা শুক্রম্বার সঙ্গে জড়িত হাসপাতালের কর্মচারীদের নাম, পদাধীকারর ও কাজের দায়িত্ব জানা এবং তাদের দ্বারা চিকিৎসা, পরীক্ষা ও পর্যবেক্ষণ প্রত্যাখ্যান করা।
7. ধূমপানহীন ঘর।
8. আপনার রোগ নির্ণয়, চিকিৎসা এবং রোগ নিরাময় সম্ভাবনার বিষয়ে সম্পূর্ণ তথ্য পাওয়া।
9. চিকিৎসার জন্য কোন প্রণালী অনুসরণের প্রস্তাব রাখা হলে, আপনি যাতে সব জেনেশুনে (জ্ঞাত) সম্মতি দিতে পারেন সেজন্য আপনার প্রয়োজনমতো সমস্ত তথ্য জানা। এই তথ্যে উক্ত প্রণালী বা চিকিৎসায় বিপদাশঙ্কা ও লাভের সম্ভাবনাগুলির উল্লেখ থাকবে।
10. জ্ঞান না ফোরাতে আদেশ দিতে, জ্ঞাত সম্মতি জানানোর জন্য আপনার যা যা তথ্য প্রয়োজন সেসব পাওয়া। এছাড়া, আপনি যদি খুব অসুস্থ হন ও নিজে এই সম্মতি দিতে অসমর্থ হন, তাহলে আপনার কাছে এই সম্মতিপ্রদানের জন্য অন্য কাউকে মনোনীত করার অধিকার আছে। আপনি আরো তথ্য জানতে চাইলে, অনুগ্রহ করে “ডু নট রিসাসিটেট অর্ডার্স” – আ গাইড ফর পেশেন্টস অ্যান্ড ফ্যামিলিস” (রোগী এবং তার পরিবারের জন্য নির্দেশিকা – পুনরুজ্জীবিত না করার আদেশ) শীর্ষক তথ্যপুস্তিকার একটি কপি নিয়ে নিন।
11. চিকিৎসা প্রত্যাখ্যান করা এবং এর ফলে আপনার স্বাস্থ্যে কী প্রভাব পড়তে পারে তা শোনা।
12. গবেষণায় অংশগ্রহণ প্রত্যাখ্যান করা। আপনি অংশ নেবেন কিনা সে ব্যাপারে মনোস্থির করতে আপনি বিস্তারিত ব্যাখ্যা জানার অধিকার পাবেন।
13. হাসপাতালে থাকাকালীন একান্ত বাস এবং আপনার যত্ন পরিচর্যা সংক্রান্ত সব তথ্য ও রেকর্ডের গোপনীয়তা রাখা।
14. আপনার চিকিৎসা এবং আপনাকে হাসপাতাল থেকে ছুটি দেওয়ার সব সিদ্ধান্তে অংশগ্রহণ করা। এই হাসপাতাল আপনাকে একটি লিখিত ডিসচার্জ প্ল্যান অর্থাৎ ছুটি দেওয়ার পরিকল্পনা এবং এই ডিসচার্জের বিরুদ্ধে আপনি কীভাবে আপীল করতে পারেন তার লিখিত বর্ণনা দিতে বাধ্য।
15. বিনামূল্যে আপনার চিকিৎসার রেকর্ড পুনর্বিচার করা। আপনার চিকিৎসার রেকর্ডের একটি কপি পাওয়া, তার জন্য হাসপাতাল যুক্তিসঙ্গত ফি চাইতে পারে। আপনি এই ফি দিতে ব্যর্থ হলে, শুধুমাত্র সেই কারণে আপনাকে এই কপি থেকে বঞ্চিত করা যাবে না।
16. প্রতিটি খরচের বর্ণনাসমেত বিল পাওয়া এবং সব দামের (চার্জ) ব্যাখ্যা জানা।
17. কোনরকম প্রতিহিংসার ভয়শূন্য হয়ে, আপনি যে পরিচর্যা ও পরিষেবা পাচ্ছেন সে ব্যাপারে নালিশ করা, এবং হাসপাতালের কাছ থেকে উত্তর জানা এবং আপনি অনুরোধ করলে, লিখিত উত্তর পাওয়া।

হাসপাতালের উত্তরে আপনি সন্তুষ্ট না হলে, আপনি নিউ ইয়র্ক স্টেট হেল্থ ডিপার্টমেন্ট অর্থাৎ নিউ ইয়র্ক স্বাস্থ্য বিভাগের কাছে নালিশ করতে পারেন।

18. কতজন অতিথি আপনার সাথে দেখা করবে সেই বিষয়ে আপনার ইচ্ছানুসারে, পরিবারের যেসব সদস্য ও অন্যান্য প্রাপ্তবয়স্কদের আপনার সঙ্গে দেখা করতে আসায় অগ্রাধিকার দিতে চান তাদের সেই ক্ষমতা দিতে পারবেন।
19. আপনার দেহের অঙ্গপ্রত্যঙ্গ দান করার ব্যাপারে আপনার ইচ্ছা প্রকাশ করা। আপনার এই ইচ্ছা আপনার হেল্থ কেয়ার প্রস্তুতি কিংবা ডোনার কার্ডে লিখে জানাতে পারেন, এগুলি হাসপাতালে পাওয়া যাবে।